

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৯৯-আইন/২০২৪/৫১/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, সরকারী বা বেসরকারী খাতে বিদ্যুৎ উৎপাদনের নিমিত্ত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে ব্যবহারের লক্ষ্যে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (১) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত H. S. Code এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত পণ্য আমদানিতে উহার উপর আরোপনীয় প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty) যে পরিমাণে মূল্যভিত্তিক ৫% (পাঁচ শতাংশ) এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ এবং সমুদয় মূল্য সংযোজন কর হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE

Heading	H.S. Code	Description of goods
(1)	(2)	(3)
27.01	2701.19.00	Other coal (Not agglomerated, Nes)

শর্তাবলি

- (ক) আমদানিকারক প্রতিষ্ঠানকে বাংলাদেশ সরকারের সহিত চুক্তিবদ্ধ হইতে হইবে;
  - (খ) বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর অধীন বিদ্যুৎ বিভাগের অনূন যুগ্ম সচিব পদমর্যাদার কর্মকর্তা, অতঃপর প্রত্যয়নকারী কর্তৃপক্ষ বলিয়া অভিহিত, এর নিকট হইতে পরিশিষ্ট-১ এ বিধৃত বিষয়ে পরিমাণ ভিত্তিক একটি প্রত্যয়নপত্র আমদানিকৃত কয়লা খালাসের সময় সংশ্লিষ্ট শুল্ক স্টেশনে দাখিল করিতে হইবে;
  - (গ) আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট প্রতিটি কয়লার চালান খালাসের প্রাক্কালে বিল অব এন্ট্রির সহিত পণ্যের বিস্তারিত বিবরণ উল্লেখপূর্বক প্যাকিং লিষ্ট দাখিল করিতে হইবে; এবং
  - (ঘ) প্রতিটি চালান খালাসের পূর্বে আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কমিশনার বরাবরে পরিশিষ্ট-২ অনুযায়ী একটি অজ্ঞিকারনামা দাখিল করিতে হইবে।
- ২। ৩ ডিসেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখ জারীকৃত এস.আর.ও. নং ৩৭৩-আইন/২০১৯/৫২/কাস্টমস এতদ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

**পরিশিষ্ট-১**  
**[শর্ত (খ) দ্রষ্টব্য]**

**প্রত্যয়নপত্র**

প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স . . . . . সরকারি বা বেসরকারি খাতে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ সরকারের সহিত চুক্তিবদ্ধ একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বাণিজ্যিক উৎপাদন ইতোমধ্যে শুরু করিয়াছে। প্রত্যয়নাধীন কয়লা বিদ্যুৎ উৎপাদনের সহিত সরাসরি সম্পর্কিত এবং কেবলমাত্র বিদ্যুৎ উৎপাদনের নিমিত্তে আমদানিকৃত। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক . . . . . পরিমাণ আমদানিকৃত কয়লা উক্ত কেন্দ্রে ব্যবহৃত হইবে।

তারিখ : স্বাক্ষর : . . . . .  
নাম : . . . . .  
পদবি : . . . . .  
সীল : . . . . . ]

**পরিশিষ্ট-২**  
**[শর্ত (ঘ) দ্রষ্টব্য]**  
**অজ্ঞীকারনামা**

আমি/আমরা এই মর্মে অজ্ঞীকার ও প্রত্যয়ন করিতেছি যে, ইনভয়েস নং . . . . . তারিখ . . . . . বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ ট্রাক রিসিপ্ট নং . . . . . তারিখ . . . . . এর মাধ্যমে আমদানিকৃত কয়লা বিদ্যুৎ উৎপাদনের সহিত সরাসরি সম্পর্কিত এবং উহা প্রতিষ্ঠিতব্য বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে ব্যবহৃত হইবে। আমি/আমরা আরো অজ্ঞীকার করিতেছি যে, আমদানিকৃত কয়লা বিদ্যুৎ উৎপাদনের নিমিত্তে স্থাপিত আমার/আমাদের বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র ব্যতিত অন্য কোন উদ্দেশ্যে/স্থানে ব্যবহৃত হইলে আমি/আমরা আমদানিকালে উহার উপর প্রযোজ্য সকল শুল্ক ও কর পরিশোধ করিতে বাধ্য থাকিব এবং উহার জন্য কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর আওতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইলে আমরা তাহা মানিয়া লইতে বাধ্য থাকিব।

প্রতিষ্ঠানের নাম : . . . . .  
ঠিকানা : . . . . .  
স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালকের নাম ও স্বাক্ষর : . . . . .  
তারিখ : . . . . .

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।